

# বাংলাদেশ গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ২১, ১৯৮৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন ও বিচার মন্ত্রণালয়  
বিচার শাখা-৪  
বিজ্ঞপ্তিসমূহ  
ঢাকা, ২০শে নভেম্বর ১৯৮৪

নং এস, আর, ও, ৫০৫-এল/৮৪/৭৫৪-বিচার ৪/৫সি-৭/৮৩—বাংলাদেশ দেওয়ানী আদালত আইনের (১৮৮৭ সালের ১২ নম্বর আইন) ১৪(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার নির্দেশ দিতেছেন যে, চট্টগ্রামের একটি অতিরিক্ত জেলা ও দায়রা জজ কোর্ট অস্থায়ীভাবে ১৯৮৪ সালের ১লা ডিসেম্বর হইতে দুই মাসের জন্য যশোহরে অনুষ্ঠিত হইবে।

নং এস, আর, ও, ৫০৬-এল/৮৪/৭৫৫-বিচার ৪/৫সি-৭/৮৩—বাংলাদেশ দেওয়ানী আদালত আইনের (১৮৮৭ সালের ১২ নম্বর আইন) ১৪(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার নির্দেশ দিতেছেন যে, নেত্রাখালীর অতিরিক্ত জেলা ও দায়রা জজ কোর্টটি অস্থায়ীভাবে ১৯৮৪ সালের ১লা ডিসেম্বর হইতে দুই মাসের জন্য রংপুরে অনুষ্ঠিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
হাফিজ উদ্দীন আহমদ  
উপ-সচিব।

MINISTRY OF LOCAL GOVERNMENT, RURAL DEVELOPMENT AND  
CO-OPERATIVES

Local Government Division

Section-XI

NOTIFICATION

Dhaka, the 20th November, 1984

No. S.R.O. 507-L/84/S-XI/3R-15 84/800.—In exercise of the powers conferred by section 146 of the Paurashava Ordinance, 1977 (XXVI of 1977), read with item 7 of the Third Schedule thereto, the Government is pleased to

(১২৮০৩)

মূল্য : ৩০ পয়সা

make the following further amendment in the Paurashava (Contracts) Rules, 1978, namely :—

In the aforesaid Rules, in rule 8, for sub-rules (1) and (1A), the following shall be substituted, namely:—

“(1) No contract on behalf of a Paurashava which involves a value of above Taka 5,00,000-00 (Taka five lacs) shall be made without the prior approval of the Prescribed Authority.”.

By order of the President  
MOHAMMAD SIDDIQUER RAHMAN  
Secretary.

সংস্থাপন মন্ত্রণালয়

শাখা-জেএ-৩

শোক প্রস্তাব

ঢাকা, ২০শে নভেম্বর ১৯৮৪

নং সম/জেএ-৩/মিস-২৫/৮৪-৪৩৩—সংস্থাপন মন্ত্রণালয়ের এসাইনমেন্ট অফিসার জনাব মোঃ নূরুল হুদা কঠিন রোগে আক্রান্ত হয়ে ঢাকার রাশমনো পলি ক্লিনিকে ২৫শে জুলাই ১৯৮৪ ইং তারিখ ভোর সকাল সোয়া ৬টার ইন্তেকাল করেন (ইমালিফ্লাহে.....রাজেউন)।

২। জনাব মোঃ নূরুল হুদা মদনসীগঞ্জ জেলার শ্রীনগরের ব্রাহ্মণখোলা গ্রামে ১৯৩৯ সালের ২৮শে ফেব্রুয়ারী জন্ম গ্রহণ করেন। তিনি বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী লাভ করেন। তিনি প্রথমে যশোরে সিভিল ডিফেন্সের স্টাফ অফিসার হিসাবে ১০ই এপ্রিল ১৯৬১ তারিখে যোগদান করেন এবং ১লা জুলাই ১৯৬৭ তারিখে নির্বাচন কমিশনে ইলেকশন অফিসার পদে যোগদান করেন। তিনি ১০ই সেপ্টেম্বর ১৯৮২ তারিখে বি, সি, এস (প্রঃ প্রঃ) পদে যোগদান করে ঢাকা কালেক্টরেটে সহকারী কমিশনার নিযুক্ত হন এবং ৩১শে মে ১৯৮৪ তারিখে সংস্থাপন মন্ত্রণালয়ে এসাইনমেন্ট অফিসার হিসাবে তাঁকে অত্র মন্ত্রণালয়ে বদলী করা হয় এবং মৃত্যুর পূর্বে পর্যন্ত অত্র মন্ত্রণালয়ের এসাইনমেন্ট অফিসার হিসাবে দায়িত্ব পালন করেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, ১ ছেলে ও ৪ কন্যা রেখে যান।

৩। জনাব মোঃ নূরুল হুদার মৃত্যুতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার তাঁর শোক-সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করছে।

এ, এফ, এম, এহসানুল কবীর  
সচিব।